গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০১১.২১.২২৬

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.২.১ অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এসপিএস কমিটি কর্তৃক সুপারিশকৃত "যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন সেবা ধাপ (২৮টি থেকে ১৮টি) কমিয়ে সহজিকরণ" এর চলমান পাইলটিং মূল্যায়ন সাফল্যজনকভাবে সম্পন্ন হওয়ায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন সেবাটি নিম্নরূপভাবে নির্দেশক্রমে সহজিকরণ করা হলো:

"সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ৫৭(১) নির্দেশ অনুসারে 'পেনশন সেবা' মঞ্জুরের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুসারে মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন দর্শনপূর্বক ই-নথিতে সরাসরি সংশ্লিষ্ট শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। শাখা প্রধান আবেদন দর্শনপূর্বক ই-নথিতে সরাসরি প্রশাসনিক কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। প্রশাসনিক কর্মকর্তা আবেদনপত্র পরীক্ষাপূর্বক নোট প্রস্তুত করে ই-নথিতে শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। শাখা প্রধান ই-নথিতে অধিশাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। অধিশাখা প্রধান ই-নথিতে অনুবিভাগ প্রধানের নিকট প্রেরণ করবেন। অনুবিভাগ প্রধান ই-নথিতে মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন। মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর/না মঞ্জুর করে সরাসরি শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। পেনশন সেবা মঞ্জুর/না মঞ্জুর আদেশের অনুলিপি মধ্যবর্তী কর্মকর্তাগণকে অবগতির জন্য দিতে হবে"।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫০৫
ই-মেইল: sas.admin1@moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০১১.২১.২২৬

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, ই-গভর্ন্যান্স-১ অধিশাখা)।
২. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক(সকল)/হিসাবরক্ষক/ক্যাশিয়ার/ডাটা এন্ট্রি অপারেটর/ক্যাশ সরকার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. অফিস সহায়ক (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

28/02/2022
(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব